দৈনিক ইনকিলাব



03 MAR 1988
তারিখ ... ... ... ... ...
পৃষ্ঠা ... 5 কলাম 3 ...

# শিক্ষাঙ্গন

## ঢাকা বিশ্ববিদ্যালয়ে ভর্তিপ্রসঙ্গে

দেশের সর্বোচ্চ শিক্ষার বিদ্যাপীঠ ঢাকা বিশ্ববিদ্যালয়ে ১৯৮৭-৮৮ ইং শিক্ষাবর্ষে ডিগ্রী পাস ও অনার্স কোর্সে বিজ্ঞপ্তিতে বলা হয়েছে, মাদ্রাসা বোর্ডের শুধু ফাজিল পরীক্ষায় উত্তীর্ণ প্রার্থী ছাত্র-ছাত্রীদের প্রাথমিক [redacted]হণ করা হবে এবং ভর্তি [redacted]হণের সুযোগ প্রদান [redacted] ১৯৮৭ ইং সনে [redacted] শিক্ষা বোর্ডের অধীনে যারা উচ্চ মাধ্যমিক সমতুল্য আলিম পরীক্ষায় কৃতকার্য হয়েছে তাদেরকে ঢাকা বিশ্ববিদ্যালয়ে ভর্তির আবেদনের সুযোগ রাখা হয়নি। অথচ বাংলাদেশ সরকারের শিক্ষা মন্ত্রণালয় মাদ্রাসা শিক্ষাবোর্ডের দাখিল ও আলিম শ্রেণীর পাঠ্যসূচী ও পাঠ্যক্রমকে যথাক্রমে মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক সমমানে উন্নীত করেন এবং এহেন উন্নীত পাঠ্যক্রমে কৃতকার্য ছাত্র-ছাত্রীদের জন্য শিক্ষা মন্ত্রণালয় কর্তৃক স্মারক নং শা-৯/৬ এন, সি-১৩/৮৪/৭৪-১(১১) শিক্ষা তারিখ ৫-১১-১৯৮৫ ইং অনুযায়ী মাদ্রাসা শিক্ষা বোর্ডের দাখিল ও আলিম শ্রেণীকে যথাক্রমে সধারণ শিক্ষার এসএসসি ও এইচএসসি'র [redacted] বলে ঘোষণা [redacted] আলিম পাস [redacted] ভিত্তিতে [redacted] প্রতিভা বিকাশের সুযোগ পায় সে জন্য সরকারী ঘোষণার কপিও দেশের মহাবিদ্যালয় ও বিশ্ববিদ্যালয়সমূহের কর্তৃপক্ষের নিকট প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্যে প্রেরণ করা হয়। যার ফলে গত দু'বছরে মাধ্যমিক সমমানের দাখিল পাস ছাত্র-ছাত্রীদের অনেকে কলেজে উচ্চ মাধ্যমিক শ্রেণীতে এবং উচ্চ মাধ্যমিক সমমানের আলিম পাস বেশ কিছু ছাত্র-ছাত্রী চলতি শিক্ষাবর্ষে কালেজ ও অন্যান্য বিশ্ববিদ্যালয়ে ডিগ্রী পাস ও অনার্স কোর্সে ভর্তির সুযোগ লাভ [redacted] করেছে। এমনকি আলিম বি[redacted] পরীক্ষায় উত্তীর্ণ ছাত্র-ছাত্রী[redacted] বিশ্ববিদ্যালয় ও মে[redacted] ভর্তির সুযোগ লা[redacted] দেশের হাজার হাজার মাদ্রাসার ছাত্র-ছাতরী উচ্চ শিক্ষা লাভের সুযোগ [redacted] প্রদানের ফলে চাকিরির ক্ষেত্রেও দাখিল পাস প্রার্থী এসএসসি এবং আলিম পাস প্রার্থী এইচএসসি পাস প্রার্থীর সাথে প্রতিযোগিতার সুযোগ লাভ করেছে। উর্ধ্বতন সংশ্লিষ্ট কর্তৃপক্ষের নিকট ১৯৮৭ ইং সনে উচ্চ মাধ্যমিক সমতুল্য আলিম পরীক্ষায় উত্তীর্ণ প্রার্থীদের ঢাকা বিশ্ববিদ্যালয়ে ভর্তির আবেদনের সুযোগ প্রদানের জন্য এ পর্যন্ত বহু আবেদন-নিবেদন জানানো হয়েছে কিন্তু কর্তৃপক্ষ সমস্যা সমাধানে এখনো কোন কার্যকরী [redacted] মাদ্রাসা শিক্ষ[redacted] সাধারণ শিক্ষ[redacted] বিপুলসং[redacted] বিদ্যালয়ে [redacted]বেদনের সুযোগদান ও পরী[redacted] অংশগ্রহণ থেকে বঞ্চিত করা কখনোই উচিৎ নয়। [redacted] জরুরীভিত্তিতে প্রয়োজনীয় উদ্যোগ গ্রহণ একান্ত আবশ্যক। তাই দেশের মোট শিক্ষার্থীদের একটি বিরাট অংশ আলিম পাস ছাত্র-ছাত্রীদের ডিগ্রী পাস ও অনার্স কোর্সে ভর্তির আবেদন কারার সুযোগ প্রদান করতঃ তাদের উচ্চ শিক্ষার দ্বার উন্মুক্ত করার জন্য ঢাকা বিশ্ববিদ্যালয়ের কর্তৃপক্ষ অবিলম্বে আশু প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবেন বলে আমাদের দৃঢ় বিশ্বাস।

—মুহম্মদ আব্দুল মুনিম খান (নোমান)